

## ইডেন কলেজে বহিরাগতদের সঙ্গে পুলিশের সংঘর্ষ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল দুপুরে ইডেন কলেজে পুলিশ ও জাতীয়তাবাদী ছাত্রদলের একদল বহিরাগত কর্মীর মধ্যে সংঘর্ষে দু'জন ছাত্রী আহত ও বেশ কয়েকটি গাড়ি ভাঙুর করা হয়।

কলেজ ছাত্রী সংসদ নির্বাচন উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রদলের ইডেন কলেজ শাখা আয়োজিত প্যানেল পরিচিতি অনুষ্ঠানে ছাত্রদের মিছিলে জোর করে ঢুকে পড়ায় পুলিশ বাধা দিতে গেলে উক্ত সংঘর্ষের সূত্রপাত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, দুপুর ১২টার দিকে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত প্যানেল পরিচিতি অনুষ্ঠানে যোগ দেয়ার জন্যে মহানগরীর বিভিন্ন কলেজ থেকে জাতীয়তাবাদী ছাত্রদলের ছাত্রদের মিছিল কলেজ গেটে আসে।

ছাত্রী সংসদ নির্বাচন

### মিরপুরে ব্যাপক বোমাবাজি ও গুলি

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার রাতে মিরপুর ১০ নম্বর সেকশনে অবস্থিত আইডিয়াল ল্যাবরেটরী গার্লস ইন্সটিটিউটে ব্যাপক বোমাবাজি ও কয়েক রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ হয়েছে। এতে কেউ হতাহত হয়েছে কিনা তা জানা যায়নি। ওই ইন্সটিটিউটের ছাত্রী

নির্বাচন : পৃঃ ৮ কঃ ৫

কিছু ইডেন কলেজ চত্বরে ছাত্রদের মিছিল ঢুকে কলেজ কর্তৃপক্ষ বাধা দেন। বাধা অতিক্রম করে জোর করেই ছাত্ররা কলেজ চত্বরে ঢুকে পড়ে। ফলে কলেজ চত্বরে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কলেজ কর্তৃপক্ষের আহ্বানে ঘটনাস্থলে পুলিশ এলে ছাত্ররা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে। প্রায় আধ ঘন্টা ধরে কয়েক দফা ধাওয়া-পান্টা ধাওয়ার ফলে কলেজ চত্বর এবং আশপাশের রাস্তায় ভয়াবহ পরিবেশের সৃষ্টি হয়। বিক্ষুব্ধ ছাত্ররা ইডেন কলেজের সামনে রাস্তায় বেশ কয়েকটি গাড়ি ভাঙুর করে। ছাত্রদের নিক্ষেপ করা ইটের আঘাতে কলেজের দু'জন ছাত্রী আহত হন।

### নির্বাচন : মিরপুরে বোমাবাজি

(১ম পাতার পর)

সংসদ নির্বাচনকে কেন্দ্র করে পরস্পরবিরোধী ছাত্র সংগঠনের সমর্থক বহিরাগত সশস্ত্র যুবকরা বোমাবাজি ও ফাঁকা গুলিবর্ষণ করেছে বলে একটি সূত্রে জানা গেছে। ব্যাপক বোমাবাজি ও গুলিবর্ষণের ঘটনায় ছাত্রীদের ও আশপাশ এলাকার লোকজনের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। রাস্তাঘাট জনশূন্য হয়ে যায়। যানবাহন চলাচলও বন্ধ থাকে। সংবাদ পেয়ে মিরপুর থানা পুলিশ ও দাঙ্গা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশের উপস্থিতিতেই সশস্ত্র যুবকরা দীর্ঘক্ষণ পর্যন্ত বোমাবাজি ও ফাঁকা গুলিবর্ষণ করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

৫৭